



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা
নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- জবি/প্রশা/নিয়োগ (স্থায়ী)/কর্মচারী/০১/২০২০/৩৯৬

তারিখ : ০৮ মার্চ, ২০২১
একই স্বারক ও তারিখের স্থলাভিষিক্ত


জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে Online-এ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.hrm.erp.jnu.ac.bd/employee_online_application) আবেদন আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল-২০১৫)	পদ সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী মেকানিক স্কেল=৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	১	ক) স্বীকৃত কোন বোর্ড/প্রতিষ্ঠান হতে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের জিপিএ সহ এসএসসি পাস হতে হবে। খ) শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। গ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে অটোমোবাইল/অটোমোটিভ ট্রেড কোর্স সম্পন্ন হতে হবে। ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
২	ইলেকট্রিশিয়ান স্কেল=৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮)	১	ক) স্বীকৃত কোন বোর্ড/প্রতিষ্ঠান হতে দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ সহ ন্যূনতম এসএসসি/সমমানের পাশ হতে হবে। খ) 'সি' শ্রেণীর ইলেকট্রিক্যাল লাইসেন্সধারী হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
৩	লিফট অপারেটর স্কেল=৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮)	৪	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ২য় শ্রেণী/সমমানের সিজিপিএ সহ ন্যূনতম এসএসসি পাস হতে হবে। খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে লিফট অপারেটর হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
৪	মেকানিক হেল্পার স্কেল=৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯)	১	ক) স্বীকৃত কোন বোর্ড/প্রতিষ্ঠান হতে দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ সহ ন্যূনতম এসএসসি (ভোকেশনাল) পাশ হতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
৫	অফিস সহায়ক/নিরাপত্তাপ্রহরী /পরিচ্ছন্নতা কর্মী/সমমানের পদ, স্কেল=৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৯	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ২য় শ্রেণী/সমমানের সিজিপিএ সহ ন্যূনতম এসএসসি পাস হতে হবে। খ) কর্মচারী পদে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ১০ (দশ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তবে, নিরাপত্তা প্রহরী পদে ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিগণ আবেদন করতে পারবেন।

সাধারণ শর্তাবলী :

- শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র (NID) 'র সত্যায়িত কপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে Online এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ ০৫(পাঁচ) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র ১৪/০৩/২০২১ তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ারসার্ভিস/ সরাসরি) পৌঁছাতে হবে। অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীকে উল্লিখিত পদের জন্য ৩০০.০০ (তিনশত) টাকা ওয়েবসাইটে বর্ণিত নিয়মে SuerCash- এর মাধ্যমে Payment করতে হবে।
- সকল পদের জন্য বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য(unattainable)যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।
- পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কোনো পদের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে তদস্থলে অন্য পদের নিয়োগপ্রার্থীকে নিয়োগ করা যেতে পারে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে।
- কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে নিয়োগ প্রদান কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,



(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

তারিখ : ০৮ মার্চ, ২০২১

স্মারক নং- জবি/প্রশা/নিয়োগ (স্থায়ী)/কর্মচারী/০১/২০২০/৩৯৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জবি।
- পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তর [অনলাইনে আবেদন করার/গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ], জবি।
- দপ্তর প্রধান (সকল), জবি।
- উপ-রেজিস্ট্রার/পিএস টু ভিসি [মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য], জবি।
- উপ-পরিচালক (অডিট) [মাননীয় ট্রেজারার সদয় অবগতির জন্য], জবি।
- অফিস নথি।


(জিয়াদুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার